'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2024

## CC2-BENGALI

## মধ্যযুগের কাব্য ও কবিতা

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) রাজা দশরথের তিন রানির নাম কী?

(খ) রামায়ণের কাণ্ড কয়টি? পর্যায়ক্রমে তাদের নাম লেখো।

(গ) শ্রীরূপ গোস্বামী প্রদত্ত পূর্বরাগের সংজ্ঞাটি উল্লেখ করো। এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে ছিলেন?

(ঘ) মাথুর কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে?

(ঙ) কবি রামপ্রসাদ সেন ও কবি কমলাকান্তের আবির্ভাবকাল উল্লেখ করে তাঁরা যে যে রাজার অনুগ্রহ লাভ করেছিলেন তাঁদের নামোল্লেখ করো।

(চ) শাক্ত পদাবলীর পদগুলি কটি পর্যায়ে বিভক্ত? প্রত্যেক পর্যায়ের একটি করে পদের উদাহরণ দাও।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) প্রার্থনা পদপর্যায়ে বিদ্যাপতির শ্রেষ্ঠত্বের কারণ আলোচনা করো।

(খ) গৌরচন্দ্রিকা কাকে বলে? গৌরাঙ্গ বিষয়ক পদের সঙ্গে এর মিল ও অমিল আলোচনা করো।

(গ) রামায়ণের 'উত্তরাকাণ্ড' অনুসরণে লক্ষ্মণ চরিত্রের পরিচয় দাও।

(ঘ) কৃত্তিবাসী রামায়ণের 'উত্তরাকাণ্ড' মূল রামায়ণের প্রক্ষিপ্ত অংশ কিনা বিচার করো।

(ঙ) আগমনী পর্যায়ের পদ রচনায় কমলাকান্তের কৃতিত্ব আলোচনা করো।

(চ) 'ওরে নবমী নিশি, না হইও রে অবসান' — পদটি কোন পর্যায়ের? কবি কে? এখানে মায়ের আর্তি কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১২×২ = ২৪

(ক) কৃত্তিবাসের উত্তরাকাণ্ডে রামচন্দ্র ও সীতাদেবীর মধ্যে কে অধিক উজ্জ্বলবর্ণে চিত্রিত? উপযুক্ত দৃষ্টান্ত সহকারে তোমার মতামত ব্যক্ত করো।

(খ) বৈষ্ণব পদকর্তাগণ আগে ভক্ত পরে কবি — আলোচনা করো।

(গ) 'উভয়েই চৈতন্যোত্তর যুগের কবি হলেও জ্ঞানদাস ও গোবিন্দদাসের কবি দৃষ্টির মধ্যে প্রভেদ পরিলক্ষিত হয়।' — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

(ঘ) আগমনী ও বিজয়া সঙ্গীতগুলিতে বাঙালি জীবনের পারিবারিক চেহারাটা কীভাবে ধরা পড়েছে, তা উদ্ধৃতি সহযোগে আলোচনা করো।

———×———



Maynaguri College Library